

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

- স্মারক নং : ৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৪.১৭-৬৪৭  
তারিখঃ ২১.০৫.২০১৭ খ্রিঃ।  
বিষয়ঃ বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলাধীন মদিনাতুল উলুম ডি,আই ফাযিল মাদরাসার চার জন শিক্ষক এর বিরুদ্ধে দায়েরকৃত  
রীট মামলার রায়ের/আদেশের কপি এবং বর্ণিত মাদরাসার এমপিও বন্ধের আদেশ সংক্রান্ত তথ্য প্রদান প্রসঙ্গে।  
সূত্র (১) মদিনাতুল উলুম ডি,আই ফাযিল মাদরাসার অধ্যক্ষ এর আবেদন তারিখঃ ০১.১০.২০১৭ খ্রিঃ।  
(২) রীট পিটিশন নং-৫৯/২০০৫ এর ২০১৬ খ্রিঃ তারিখের এর আদেশ।  
(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৪.১৭- তারিখঃ ১৬.০১.২০১৭ খ্রিঃ।  
(৪) মাউশি অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩৩.১৭./১৮(১০) তারিখঃ ৩১.০১.২০১৮ খ্রিঃ।  
(৫) শিক্ষা মন্ত্রণালয়ের মাদরাসা শাখা-২ এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.১২.১৮.২২১, তারিখঃ ০৮.০৫.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, মোঃ সিরাজুল ইসলাম (ইনডেক্স নং-০১৭২৬৮৩), অধ্যক্ষ, মদিনাতুল উলুম ডি,আই ফাযিল মাদরাসা কর্তৃক (১) নং স্মারক মূলে বর্ণিত মাদরাসার চার জন শিক্ষকের স্থগিতকৃত এমপিও (stop payment প্রত্যাহারক্রমে) চালুকরণের নিমিত্ত (২) নং সূত্রে বর্ণিত মহামান্য আদালতের আদেশ সম্পর্কিত সই মুহুরী নকলসহ মাদরাসা শিক্ষা অধিদপ্তরে একটি আবেদন দাখিল করা হয় (কপি সংযুক্ত)।

০২. অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত ২ নং স্মারকের নির্দেশনা বাস্তবায়নপূর্বক বর্ণিত মাদরাসার চার জন শিক্ষক (অধ্যক্ষ জনাব মোঃ সিরাজুল ইসলাম (ইনডেক্স নং-০১৭২৬৮৩), উপাধ্যক্ষ জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন (ইনডেক্স নং-৩৬৩৫১৮),এ,কে,এম জসিম উদ্দিন, প্রভাষক,আরবি (ইনডেক্স নং-৩৭৩৩৪৭) ও মোঃ আমির খসরু, সহকারী শিক্ষক (ইনডেক্স নং-৩৬৩৫২০) এর স্থগিতকৃত এমপিও (stop payment প্রত্যাহারক্রমে) বকেয়া ব্যতিত চালুকরণের জন্য সূত্রোক্ত ৩ নং স্মারকে মাউশি অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)।


০৩. পরবর্তীতে “পত্রে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিও ডাটাবেজে না থাকায় চারজন শিক্ষকের stop payment প্রত্যাহার করা সম্ভব হচ্ছে না” মর্মে মাউশি অধিদপ্তর কর্তৃক সূত্রোক্ত ৪ নং স্মারক থেকে জানা যায় (কপি সংযুক্ত)।

০৪. ইতোমধ্যে সূত্রোক্ত ৫ নং স্মারকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক এ অধিদপ্তরের নিকট বর্ণিত মাদরাসার চার জন শিক্ষক এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার রায়ের/আদেশের কপি এবং এমপিও বন্ধের আদেশ সংক্রান্ত তথ্য চাওয়া হয়।

০৫. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক চাহিত বর্ণিত মাদরাসার চার জন শিক্ষক এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার রায়ের/আদেশের কপি আবেদনের সাথে প্রেরিত হলো। তবে মামলা সংক্রান্ত কোন নথি মাউশি অধিদপ্তর কর্তৃক এ অধিদপ্তরে প্রেরণ না করায় বর্ণিত মাদরাসার এমপিও বন্ধের আদেশ সংক্রান্ত কোন তথ্য মহোদয় বরাবর প্রেরণ করা সম্ভব হচ্ছে না।

০৬. এমতাবস্থায় শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্য মতে বর্ণিত মাদরাসার চার জন শিক্ষক এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার রায়ের/আদেশের কপি আবেদনের সাথে প্রেরিত হলো এবং মামলা সংক্রান্ত কোন নথি মাউশি অধিদপ্তর কর্তৃক এ অধিদপ্তরে প্রেরণ না করায় বর্ণিত মাদরাসার এমপিও বন্ধের আদেশ সংক্রান্ত কোন তথ্য প্রেরণ করা সম্ভব হচ্ছে না মর্মে মহোদয়কে সবিনয় অবহিত করা হলো।  
সংযুক্তি বর্ণনা মতে- ৩০ ফর্দ।

সচিব  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহনপুল ৯ম তলা।  
দৃ:আ:-মোঃ আবদুল খালেক,সহকারী সচিব  
শিক্ষা মন্ত্রণালয়, মাদরাসা শাখা-২

  
(মোঃ বিল্লাল হোসেন)  
মহাপরিচালক  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
ফোন নং-৪১০৩০১৫৯  
ই-মেইল- [dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)